



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১২, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২৮ জ্যৈষ্ঠ, ১৪০৯/১১ জুন, ২০০২

এস, আর, ও নং ১৪৫-আইন/২০০২/৩৩৯-মুসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৪ শে জ্যৈষ্ঠ, ১৪০৮ বাং মোতাবেক ০৭ই জুন, ২০০১ইং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১৪৯-আইন/২০০১/৩১৪-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ (উৎপাদন পর্যায়ে) এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ২৪.০২ এর বিপরীতে কলাম (৩) এবং (৪) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"তামাকযুক্ত সিগারেট (Cigarettes containing tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকার শর্তে) :

- | | |
|---|----|
| (১) চার টাকা পঞ্চাশ পয়সা হইতে চার টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৩০ |
| (২) পাঁচ টাকা হইতে নয় টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৪৫ |
| (৩) দশ টাকা ও ততোধিক | ৫০ |

(২৮২৭)

মূল্য : টাকা ১.০০

২। এই প্রজ্ঞাপন ১৮ই পৌষ, ১৪০৮ বাংলা মোতাবেক ১লা জানুয়ারী, ২০০২ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফখরুল আবেদীন

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।